

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন পরিদপ্তর
হক চেম্বার (৬ষ্ঠ ও ৭ম তলা)
৩নং ডি.আই.টি এক্সটেনশন এ্যাভিনিউ
মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং- ৮৯১৭(৬১)

তারিখঃ ২৮/০৬/৯৯ ইং

বিষয়ঃ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পত্রালাপ করিবার নির্দেশ।

কোন কোন জেলা রেজিস্ট্রার তাহার এখতিয়ারাধীন এলাকায় কর্মরত কোন কোন কর্মকর্তা/কর্মচারীর বিবিধ পত্র অগ্রগামী করিয়া সরাসরি অত্র পরিদপ্তরে প্রেরণ না করিয়া সংশ্লিষ্ট কর্মকর্তার/কর্মচারীর নিকট দিতেছেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী উহা অত্র পরিদপ্তরে জমা না দিয়া তদবীরের জন্য বিভিন্ন কর্তৃপক্ষের নিকট/রাজনৈতিক ব্যক্তিত্বের নিকট জমা দিতেছেন।

এহেন কার্যকলাপ বেআইনী ও অমার্জনীয়। তাই অত্র পরিদপ্তরের উদ্দেশ্যে প্রেরিত সকল পত্র সরাসরি পরিদপ্তরে প্রেরণ করিবার জন্য সকল জেলা রেজিস্ট্রারগণকে নির্দেশ প্রদান করা হইল। অত্র আদেশ লঙ্ঘন করিবার কোন প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

স্বাঃ
(টি.আই.এম. নূরুন নবী চৌধুরী)
মহা-পরিদর্শক, রেজিস্ট্রেশন,
বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ জেলা রেজিস্ট্রার,.....(সকল)

উপরোক্ত নির্দেশ তাহার এখতিয়ারাধীন এলাকায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে অবগত করাইবেন।